শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods

(Request For Quotation Method)

| |
|---|
| আরএফকিউ নং- ০৯/২০২৩-২৪<br>জারির তারি খ:- ২৫/১০/২০২৩ খ্রিঃ |

ISO 9001:2015 Certified

**রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি**
**চরবাগমারা, রাজবাড়ী।**

| |
|---|
| অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের দরপত্র দলিল (জাতীয়)। |

প্রশাসন বিভাগ
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
চরবাগমারা, রাজবাড়ী।
ই-মেইলঃ rajbaripbs@yahoo.com . Web : www. pbs.rajbari.gov.bd

ISO 9001:2015 Certified

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
চরবাগমারা, রাজবাড়ী।
ই-মেইলঃ rajbaripbs@yahoo.com, Web : pbs.rajbari.gov.bd

---

স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০১.০৩৮.২৩- ৪৪৬৮

তারিখঃ- ০৯ কার্তিক ১৪৩০ বঃ
২৫ অক্টোবর ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ-অনুরোধ জ্ঞাপন (RFQ)পদ্ধতিতে কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের কোটেশন আহবান (দরপত্র নং-০৯/২০২৩-২৪)।

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় নিম্নোক্ত স্পেসিফিকেশন ও শর্ত মোতাবেক কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে।

১. কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত ইচ্ছুক সকল দরদাতা কর্তৃক সংশ্লিষ্ট পণ্য/ সেবা সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তর হতে পাওয়া যাবে।

২. এতদ সংগে সংযুক্ত 'দরপত্র দলিল' ব্যবহার করে দরপত্র প্রস্তুত এবং দাখিল করতে হবে। দরপত্র দলিল পবিসের ওয়েব সাইট pbs.rajbari.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত দরপত্র ব্যতীত অন্য কোন দরপত্র বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে রাজবাড়ী পবিস হতে দরপত্র দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৩. নির্ধারিত দরপত্র দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে দরপত্র আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৪. দরপত্র দাখিল এবং কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত কোন জামানত যেমন- দরপত্র জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না। তবে আবশ্যিকভাবে পণ্যের গ্যারান্টি নিশ্চিত করার জন্য সরবরাহকারীর অথরাইজেশন থাকতে হবে এবং ৩০০.০০ টাকার ষ্ট্যাম্পে গ্যারান্টি সংক্রান্ত চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে। চুক্তি সংক্রান্ত কোন শর্ত সরবরাহকারী কর্তৃক লঙ্ঘন করা হলে ক্রয়কারী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৫. সিলমোহরকৃত খাম আগামী ০২/১১/২০২৩খ্রিঃ তারিখ এবং সময়-১১:০০ ঘটিকায় কোটেশন ৩ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের জন্য কোটেশন এবং আগামী ০২/১১/২০২৩খ্রিঃ তারিখ এবং সময়- বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৬. প্রাপ্ত দরপত্র সমুহ ০২/১১/২০২৩খ্রিঃ **তারিখ** বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট pbs.rajbari.gov.bd এ দেখা যাবে।

৭. দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল দরপত্র বৈধ থাকবে।

৮. দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ ক্রমিক নং-৩ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

৯. কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্য সম্পাদনের পর পবিস পরিদর্শন কমিটি এর মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১০. দাখিলকৃত দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। দরদাতার প্রস্তাবিত মূল্য যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১১. দরদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। দরদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং যেকোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১২. অফারকৃত আইটেমের স্পেসিফিকেশন এর স্বপক্ষে Component-এর মূল Printed Catalog/ Broucher অবশ্যই দাখিল করতে হবে।

১৩. প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল স্থানীয় বাজারে না পাওয়া গেলে এর বিপরীতে উন্নত মডেল প্রদান করা যাবে, তবে এক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরনীসহ) থাকতে হবে।

১৪. মালামাল সরবরাহকালে মালামালের সাথে সরবরাহকারীর নাম, কার্যাদেশ নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি ষ্টিকার লাগানো থাকতে হবে।

১৫. সরবরাহকারীর দাখিলকৃত কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহসহ সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে Manufacturer এর Authorization Letter/ Dealership/ Distributor/Re-Seller হিসাবে সনদ থাকতে হবে। Authorization Letter/ Dealership/ Distributor/Re-Seller লেটার সঠিক না হলে অথবা দরপত্রের সহিত প্রদান না করা হলে দরপত্রটি নন-রেসপনসিভ করা হবে।

১৬. মূল্যায়ন কমিটি দরপত্রের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্র নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য দরপত্রের প্রয়োজন হবে।

১৭. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকবে।

১৮ কার্যাদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনের) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৯. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

২০. মালামাল/আইটেম এর পরিমাণ কম/বেশী হতে পারে এবং নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে দেখা যেতে পারে।

২১. ক্রয়কারী সকল দরপত্র বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৫/১০/২৫

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার
ফোন নম্বর- ০১৭৬৯-৪০০০৬৭
ই-মেইল-rajbaripbs@yahoo.com .

অনুলিপিঃ-(বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানো সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ সহ)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্য পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো,ফরিদপুর ।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ, রাজবাড়ী।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজবাড়ী।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................................পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম-পাংশা জোনাল অফিস/ (কারিগরী-সদর দপ্তর), রাপবিস।
১০। মেসার্স .........................................................................................................।
১১। এজিএম (এম এস/ অর্থ/ওএন্ডএম-সদর/ইএন্ডসি/আইটি/বালিঃ/গোয়ালন্দ/কালুখালী), রাপবিস।
১২। নোটিশ বোর্ড, রাপবিস।
১৩। অফিস/মাষ্টার কপি।

২৫/১০/২৫

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

দরপত্র দাখিল পত্র
[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি
সিনিয়র জেনারেল ম্যানেজার
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
চরবাগমারা, রাজবাড়ী।

দরপত্র নম্বর: ০৯/২০২৩-২০২৪ তারিখ: ২৫/১০/২০২৩ খ্রিঃ।
স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০১.০৩৮.২৩- তারিখ: ২৫/১০/২০২৩ খ্রিঃ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত প্রস্তাব করছি।

আমার/আমাদের দরপত্রের মোট মূল্য টাকা ------------------------------------কথায়ঃ------------------------------------------
আমার/আমাদের দরপত্র দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি দরপত্র দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৫/১০/২০২৩ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত দরপত্র প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল দরপত্র অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরদাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২৩.                , তারিখঃ-২৫/১০/২০২৩খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | - | Desktop Computer(Brand) | সেট | ০২ | | | | রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমীরা, রাজবাড়ী। |
| ০২ | - | UPS for Desktop Computer | টি | ০২ | | | | |
| ০৩ | | Laser Printer (Medium duty-Type-1) | টি | ০১ | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য** | | | | | | অংকে | | |
| (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | কথায় | | |
| | | | | | | মোট | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ----------------------------------------- |
| প্রস্তাবিত পরিবহন | ১৫ (পনের) দিনের মধ্যে (ক্রয় আদেশ জারির তারিখ থেকে) । |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | ৩ বছর পর্যন্ত (ইউপিএস ও প্রিন্টারের ক্ষেত্রে ০১ বছর) |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ২৪/১২/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে ।

| | |
|---|---|
| সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর | তারিখ: -------------------- |
| দরপত্রদাতার নাম | |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লোডিং ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | - | Desktop Computer(Brand) | নিম্নে উল্লেখিত। | | |
| ০২ | - | UPS for Desktop Computer | | | |
| ০৩ | | Laser Printer | | | |

**Specification of Desktop Computer (Brand) COM-1 :**

| | |
|---|---|
| Brand | Internationally Reputed Brand |
| Model | To be Mentioned by bidder |
| Country of Origin | To be Mentioned by bidder |
| Processor | Intel core i5 9th Generation or Higher |
| Speed | Minimum 2.9 GHz to 4.00Ghz, 6 Cores) or Higher |
| Cache | Minimum 9MB or Higher |
| Chipset | Intel Express Chipset 300 Series or Equivalent or Higher |
| RAM | Minimum 8GB 2666MHz DDR4L Memory, 2 DIMM slots or Higher. |
| HDD | Minimum 1TB 7200 RPM SATA or Higher |
| SSD | Minimum 120GB or Higher |
| LAN Card | Integrated Gigabit LAN-On-Motherboard or Higher |
| Expansion Slots | Minimum (2) PCIe x 1, PCIe x 16 |
| Ports | Minimum (2) USB 3.0, (4) USB 2.0, RJ-45, HDMI, VGA |
| Wireless | Built-in Wireless 802.11/b/g/n (2.4 GHZ) |
| Graphics (AGP) | Built-in |
| Audio (Sound Card) | Built-in |
| Speakers | Built-in |
| DVD-RW Drive | DVD+/-RW Drive |
| Monitor | 18.5" LED Backlit Color, Same Brand |
| Key-Board | USB enhanced, Same Brand |
| Mouse | USB Optical Mouse, Same Brand |
| Power Supply | Minimum 250 W PSU (APFC Full Charge) |
| OS Support | Windows 10 or User Friendly. |
| Software | Windows 10, Office & Other Software as per site requirements. |
| Power Strip | Brand: Reputed Brand<br>Port: Minimum 5 Port<br>Cable Length: 3 meter<br>Number of pin: Minimum 3<br>Others: Rated voltage: 220 V, Rated current: Minimum 10 A, Individual switch, Single fuse. |
| Antivirus | Brand:To be Mentioned By the Bidder<br>Internet Security Antivirus, license for 1 year |
| Warranty | 3 Years (Full). |

2. **Specification of UPS (Un-interruptible Power Supply unit) for Desktop Computer (UPS-2):**

| | |
|---|---|
| Brand | Internationally/Nationally Reputed Brand |
| Model | To be Mentioned by bidder |
| Country of Origin | To be Mentioned by bidder |
| Capacity | Min.1000VA or Higher |
| Backup time | Minimum 1 Hour For One CPU and Monitor. |
| Input voltage range | Minimum 140-300VAC. |
| Frequency | 50 Hz + 1%. |
| Protection | Fuse. Over load, discharge and overcharge protection. |
| Out put voltage | 220V/230V + 10%AC |
| Transfer time | 2-6 ms typically. |
| Battery type | Lead acid. |
| Recharge time | Min 8 hrs to 90% after fully discharge. |
| Exhaust System | Cooling fan on back |
| DC start up | Yes. |
| Protection | Built-in Automatic voltage Regulator with lightning surge protection, Spike burnouts, over voltage & under Voltage cut- off, Battery low & over charge protection & Surge protection. |
| Standard | ISO 9001, CE for manufacture. |
| Warranty | 1 Year. |



3. **Specification of Laser Printer (Medium Duty-Type-1) (PRI-2):**

| | |
|---|---|
| Brand | Internationally Reputed Brand |
| Model | To be Mentioned by bidder |
| Country of Origin | To be Mentioned by bidder |
| Processor Speed | Min. 1200 MHz |
| Resolution | 1200 X 1200 DPI |
| Printing Speed | Min. 40 ppm for Letter |
| Memory | Min. 256 MB or Higher |
| Network Print | Yes |
| Duplex Print | Yes (Automatic) |
| Control Panel | 2 Line Backlit LCD Graphic display |
| Fuser Unit | Instant on fuser technology with ceramic heating elements. |
| Printing Pages/Month | Min. 75,000 Pages/Per Month |
| Interface | 1 HI Speed USB 2.0 Port; 1 Ethernet port 10/100/1000 Gigabit network |
| Compability | PCL6, PS 3 & PPDS |
| Paper Size | A4 & Legal |
| Paper Drawer | Up to 250 Sheet |
| Warranty | 1 Year (Full). |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর | তারিখ: ------------------ |
| দরপত্রদাতার নাম | |

*টীকা:*

*১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ দরপত্রদাতার পূরণ করবে।*

*২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।*

*৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।*

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি,
চরবাগমারা, রাজবাড়ী।

বিষয়ঃ কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত কার্যাদেশ।

ক্রয় আদেশ স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০১.০৩৮.২৩- , তারিখঃ / /২০২৩খ্রিঃ

| | |
|---|---|
| দরপত্র নম্বর:______________ | তারিখ : --------- |
| প্রতি: | |
| সরবরাহের তারিখ: --------------------- | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ্যে মাল্টিমিডিয়া প্রজেক্টর ও প্রজেক্টর স্ক্রীন **সরবরাহের নিমিত্ত** ------------------------------------টাকার কথায়---------------------------------------------- কার্যাদেশ প্রদান করা হল। উল্লেখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

**কম্পিউটার সেট (ব্র্যান্ড), ইউপিএস, লেজার প্রিন্টার (মিডিয়াম ডিউটি, টাইপ-১) এবং কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত মূল্য পরিশোধের জন্য শর্তাবলীঃ**

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে। সময় বর্ধিতকরনের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর নিয়ম অনুসরন করা হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । মালামাল সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর সরবরাহের এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারী দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অং**কে**------------------------------ **[কথায়**---------------- --------------------------------]

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [ ৩৬ মাস ] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. মালামাল সরবরাহকারী এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. সেবা এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করতে বাধ্য থাকবেন। এতদসংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করতে হবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহকারী তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী সেবা এবং সংশ্লিষ্ট সেবা পরিবহন করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |